



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট



উপ-পরিচালকের দপ্তর

বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

নম্বর ৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২১.১৯

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭

১২ এপ্রিল ২০২১

সভার নোটিশ

বিষয়: “বঙ্গবন্ধু স্কলার” নির্বাচন ও বৃত্তি প্রদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই অন্তে বাছাই কমিটির সভা আহ্বান।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে “মুজিব শতবর্ষ” উদযাপন উপলক্ষ্যে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের জন্য দেশের অভ্যন্তরীণ সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ের শিক্ষার্থীদের নিকট থেকে “বঙ্গবন্ধু স্কলার” নির্বাচন ও বৃত্তি প্রদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহকে যাচাই-বাছাইয়ের জন্য ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে নিম্নোক্ত বাছাই কমিটির গঠন করা হয়:

ক্রমিক	বিস্তারিত বিবরণ	কমিটিতে পদবী
১.	ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত)	সদস্য
২.	বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত)	সদস্য
৩.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত)	সদস্য
৪.	শিক্ষা মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-সচিব পর্যায়ের)	সদস্য
৫.	বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একজন উপযুক্ত প্রতিনিধি (পরিচালক পর্যায়ের)	সদস্য
৬.	পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	সদস্য
৭.	উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	সদস্য-সচিব

উক্ত কমিটির সভা আগামী ২৬ এপ্রিল ২০২১ তারিখে সোমবার সকাল ১০.০০ টা ট্রাস্টের সম্মেল কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

১। প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই, আবেদনের দ্বৈততা পরীক্ষাকরণ, তুলনামূলক বিবরণ প্রণয়ন করে বাছাইকৃত স্কলারদের প্রাথমিক তালিকা প্রস্তুত করে অ্যাওয়ার্ড কমিটির নিকট পেশ করা;

২। বিবিধ।

সংযুক্ত:

১। “বঙ্গবন্ধু স্কলার” নির্বাচন নির্দেশিকা, ২০২০।



১২-৪-২০২১

নাসরীন আফরোজ

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৮১৯২২০০

ইমেইল: md@pmeat.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। (যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
- ২) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। (পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
- ৩) উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়। (অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
- ৪) উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। (অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
- ৫) উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়। (অধ্যাপক পর্যায়ের একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
- ৬) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৮) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। (সভায় উপস্থিত সদস্যগণের আপ্যায়নের অনুরোধসহ)
- ৯) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)